500Rs..

INDIA NON JUDICIAL

५०० रु. — Rs 500

सत्यमेव जयते

भारत

पाँच सौ रुपये — FIVE HUNDRED RUPEES

-: শুভ দানপত্র :-

দানকৃত সম্পত্তির মূল্য ১২,৫০০, (বার হাজার পাঁচশত)টাকা।

**দানপত্র গ্রহীতা :-**

শ্রী অশোক কুমার দাস,
পিতা শ্রী পঞ্চানন দাস,
জাতি- হিন্দু, পেশা- চাকুরী,
সাং মিস্ত্রীঘাট, মনিরামপুর,
থানা- বারাকপুর জেলা-উত্তর-
২৪পরগণা ।

**দানপত্র দাতা :-**

শ্রী পঞ্চানন দাস ,
পিতা মৃত কেষ্ট মোহন দাস,
জাতি- হিন্দু, পেশা- অবসর ভোগী,
সাং মিস্ত্রীঘাট, মনিরামপুর,
থানা- বারাকপুর, জেলা- উত্তর ২৪-
পরগণা ।

কস্য শুভ দানপত্র মিদং কার্য্যঞ্চাগে ::-

জেলা-উত্তর ২৪পরগণা, থানা-বারাকপুর, এ্যাডিসনাল ডিষ্ট্রিক্ট সাব রেজিষ্ট্রী অফিস

২পাতা-

1504 500·00

No.——— Rs.———
Name——— Ashok Kumar Das
Address——— Manirampur Road
P.O.——— Barrackpore BPS

Signature of Stamp vendor Barrackpore Court

Name of the Vendor– Manoj Kumar Das
Name of the Treasury- Barrackpore
T.V. No with date of purchase - 15/1/93
Total amount of Stamps purchased under this T.V. ......6,500·00

1504 = Rs 500·00
1505 - Rs 500·00
1506 = Rs 200·00
1507 Rs 100·00
1508 Rs 10·00
Total Rs 1310·00

Manoj Kumar Das
29/1/93

Presented for Registration at ... A.M./P.M. on the ...
... Barrackpore A.D.S.R.
... of the executant / Claimant

Panchanan Das

Execution admitted by
1. Panchanan Das
S/o Lt Kshitish Mohan Das
2. Ashok Kumar Das
S/o Panchanan Das
2 mistri ghat
P.S. B'kpore
Identified by
[illegible]

Panchanan Das

[signature] 1.2.93.

Panchanan Das

Ashok Kr Das

Amit Kr. Neogi
S/o Lt. Bhagabati Pada Neogi
Manirampur
B'kpore

Amit Kumar Neogi

Additional District Sub-Registrar Barrackpore

1-2-93.

500 Rs

INDIA NON JUDICIAL

५०० रु. R$ 500

भारत

पाँच सौ रुपये FIVE HUNDRED RUPEES

-(২)-

Panchanan Das

বারাকপুর, উত্তর বারাকপুর পৌর সভার এলাকাধীন, মৌজা- মনিরামপুর গ্রামে, জে:এল:নং ২,১১৫ ও ১১৬ নং খতিয়ান ভুক্ত, ৫৬৫ ।৮৬৮ ও ৫৫৬ নং দাগে মাপসুরৎ ৬ কাঠা ১ ছটাক ৩২ বর্গফুট বাস্তু জমি সায় তদুপরিস্থিত পুরাতন গৃহাদি সায় যাবতীয় সুসাজ পাঠ সম্পত্তি আমি অত্র দাতা পৈত্রিক ওয়ারিশান সূত্রে প্রাপ্ত হইয়া অনোর বিনাসত্ত্ব সম্প্রবে নির্বুত্ত- সত্ত্ব ষোল আনা রকমে মালিক চিহ্নিত হইয়া স্থানীয় পৌর সভায় ও মালিক সেরেস্তায় নিজ নাম পত্তন ক্রমে খাজনাদি আদায় দিয়া ভোগ দখলীকার আছি ।

Panchanan Das

এক্ষনে আমার বয়:বৃদ্ধি হওয়ায় সমস্ত বিষয় আশয় হইতে মুক্ত হওয়ারই স্বাভাবিক মনস্থ করিয়া আমি অত্র দাতা আমার উক্ত সম্পত্তিকে চারিটি ভাবে ভাগ করিয়াছি । তুমি অত্র গ্রহীতা আমার তৃতীয় পুত্র হইতেছ ।তুমি

ওপাতা-

Scanned with CamScanner

200Rs

INDIA NON JUDICIAL

২০০ রু.　　Rs 200

सत्यमेव जयते

भारत

दो सौ रुपये　TWO HUNDRED RUPEES

-(৩)-

আমাকে অতিশয় ভক্তি শুশ্রূষা ও সেবা যত্নাদি করিয়া আসিতেছ । আশারাখি ভবিষ্যতেও তুমি আমাকে বর্তমানে ন্যায় ভক্তি শুশ্রূষা করিবে এবং আমার ভরন পোষনের দায়িত্ব গ্রহন করিবে । তোমার ব্যবহারে আমি অতিশয় সন্তুষ্ট ও প্রীত । তোমার প্রতি সন্তুষ্টির কারনে এবং উক্ত সম্পত্তি লইয়া ভবিষ্যতে যাহাতে কোনরূপ বাদ, বিসংবাদ না ঘটে তজ্জন্য উক্ত চারি ভাগের এক ভাগ যাহা নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি ও যাহা অত্র সংলগ্ন নকশায় লাল বর্নের রেখা দ্বারা চিহ্নিত ও বেষ্টিত রহিয়াছে ও যাহা 'সি' লট রূপে নির্দ্দেশিত তাহা এতদ্বারা তোমাকে দান করত : এবং অদ্য হইতেই অত্র দানকৃত সম্পত্তিতে তোমাকে খাস দখল দিয়া উহা হইতে আমি মায় অপরাপর পুত্র, পৌত্রাদি, ও ওয়ারিশানগনক্রমে এককালীন চির নি:স্বত্ব

৪ পাতা-

100Rs

INDIA NON JUDICIAL

१०० रु. Rs 100

भारत

एक सौ रुपये ONE HUNDRED RUPEES



ও দখলচ্যুত হইলাম। অত্র দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামিত্ব, লভ্য, প্রাপ্য এবং, এক্রিয়ৎ অধিকারাদি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে অত্র দানপত্র মূলে তোমাতে বর্তাইল বা তোমার হইল। তুমি অদ্য হইতে অত্র দানপ্রাপ্ত সম্পত্তি তোমার সম্পূর্ণ নিজাধিকারে লইয়া আমার বর্তমান ক্ষমতার ন্যায় আপন - ইচ্ছামতে উহা দান, বিক্রয়, ইত্যাদি সকল প্রকার হস্তান্তর করনের ক্ষমতাযুক্তে এবং উহার নিমিত্ত আপন নাম স্থানীয় পৌরসভা ও উপযুক্ত সেরেস্তায় পত্তন করত: ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি প্রদানে অত্র দানকৃত সম্পত্তি যথেচ্ছামতে ব্যবহারে তুমি মায় তোমার ওয়ারিশানগণ ও স্থলাভিষিক্তগণক্রমে পরম সুখে ভোগ দখল করিতে থাকিবে। তাহাতে কস্মিনকালেও কেহ কোন প্রকার ওজর আপত্তি বা দাবী দাওয়া করিব না বা করিবে না। যদি করি কিংবা করে তাহা হইলে তাহাও সর্বত্র, সর্ব আদালতে

10 RS.






বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে ।

প্রকাশ থাকে যে, অত্র সংলগ্ন নকশায় প্রদর্শিত মোট সম্পত্তির পশ্চিম পার্শ্বের ৮১ ফুট ৪ ইঞ্চি লম্বা ও সম্মুখে ৭ ফুট ও কিছু পশ্চাৎ হইতে ৬ ফুট চওড়া কমনপ্যাসেজ, উত্তর পার্শ্বে কিয়দ অংশে ৪ ফুট চওড়া কমন প্যাসেজ ও মধ্যস্থলের ৪ ফুট চওড়া কমন প্যাসেজ সকল অংশীদারগণ ওয়ারিশানগণক্রমে কমন হিসাবে ব্যবহার করিবে । ইহাতে কদাপি কাহারও কোন ওজর আপত্তি চলিবে না ।

আরো প্রকাশ থাকে যে, আমার মোট সম্পত্তির মধ্যে তোমার দানপ্রাপ্ত অংশের যে সকল পার্শ্বে অন্যান্য অংশী দারগনের প্রাপ্ত অংশ রহিয়াছে কিংবা কমন প্যাসেজ রহিয়াছে সেই সকল পার্শ্বে অন্য কাহারও বিনা আপত্তিতে ওয়ারিশান গণক্রমে স্থানীয় পৌরসভার আইন অনুযায়ী কোন জায়গা না

৬পাতা-

না ছাড়িয়াই ভবিষ্যতে যে কোনরূপ নির্মান কার্য্য করিতে পারিবে । কিন্তু, সেক্ষেত্রে কমন প্যাসেজের পার্শ্ব ছাড়া অন্যান্য অংশীদারগনের প্রাপ্ত অংশের পার্শ্বে কোনরূপ দরজা কিংবা জানলা ফুটাইতে কিংবা বসাইতে পারিবে না । অন্যদিকে তোমার প্রাপ্ত অংশের যে সকল পার্শ্বে অন্যান্য অংশীদারগনের প্রাপ্ত অংশ রহিয়াছে সেই সকল পার্শ্বে সেই অংশীদারগণ নিজ নিজ প্রাপ্ত অংশে পৌর সভার আইন - অনুযায়ী ওয়ারিশানগণক্রমে ভবিষ্যতে কোনরূপ জায়গা না ছাড়িয়া নির্মান কার্য্য করিতে পারিবে । তাহাতে তুমি ওয়ারিশানগণক্রমে কোনরূপ ওজর আপত্তি করিতে পারিবে না, করিলেও তাহা সর্ব্বত্র , নামঞ্জুর বলিয়া গন্য হইবে তবে সেক্ষেত্রেও অন্যান্য অংশীদারগণ সেই সকল পার্শ্বে কোনরূপ দরজা কিংবা জানলা ফুটাইতে কিংবা বসাইতে পারিবে না । সকল অংশীদারগণ আমার সমস্ত সম্পত্তির মধ্যে যে কমন ড্রেন রহিয়াছে কিংবা থাকিবে তাহা কমন রূপে সকল অংশীদারগণই ওয়ারিশন গণক্রমে ব্যবহার করিতে থাকিবে । সম্পত্তির কমন ড্রেন ও কমন প্যাসেজ গুলির সংস্কার ও পরিচ্ছন্ন রাখিবার ব্যয় সকল অংশীদারগণ সমভাবে বহন করিতে বাধ্য থাকিবে । তুমি এই দানপত্র গ্রহীতা তোমার নিজ নামে এই দানকৃত সম্পত্তিতে নিজ ব্যয়ে জলের লাইন ,টেলিফোন লাইন, কিংবা বৈদ্যুতিক লাইন , ইত্যাদি অন্যের বিনা আপত্তিতে প্রয়োজনে কমন প্যাসেজের মাধ্যমে আনিতে পারিবে ।

আরো প্রকাশ থাকে যে, নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি ইতিপূর্ব্বে অন্য-

৭পাতা-

কাহাকেও দান, বিক্রয় ইত্যাদি প্রকারে হস্তান্তর করি নাই বা উহা হস্তান্তরের নিমিত্তে কাহারও সহিত কোন প্রকার চুক্তিতে আবদ্ধ হই নাই কিংবা বায়না গ্রহন করি নাই বা উহাতে অপর কোন শরিক অংশীদার নাই বা উহা কোন প্রকারেই দায় সংযোগ করি নাই। সম্পূর্ন নির্দায় ও নির্দ্দোষ, মুক্তাবস্থায় নিম্ন তপশীল বর্নিত সম্পত্তি আমি তোমাকে এতদ্দ্বারা দান করিলাম। দানকৃত সম্পত্তির মূল্য ১২,৫০০, (বার হাজার পাঁচশত)টাকা ধার্য্য করিলাম।

এতদর্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনা অনুরোধে, সজ্ঞানে, স্থির চিত্তে এবং কাহারও প্রভাবে প্রভাবিত না হইয়া এই দানপত্রের লিখিত সকল কথার মর্মার্থ সম্যক বুঝিয়া ও সঠিক ভাবে লেখা হইয়াছে জানিয়া আমি নিম্ন লিখিত সাক্ষীগনের সম্মুখে এই দানপত্রেআপন নাম সহি সম্পাদন করিলাম। ইতি তাং বাং ১৮ই মাঘ, ১৩৯৯ সন, ইংরাজী ১৯৯৩ সালের ১লা ফেব্রুয়ারী।

তপশীল তথা দানকৃত সম্পত্তির পরিচয় :-

•••••••••••••••••••••••••••••

জেলা-উত্তর ২৪পরগণা, থানা- ও সাব -রেজিষ্ট্রী অফিস বারাকপুর পৌরসংস্থা উত্তর বারাকপুর অধীন, মৌজা- মনিরামপুর গ্রামে, জে:এল:নং ২, খতিয়ান নং ১১৫,(একশত পনের) ও ১১৬ (একশত ষোল) তথা ৫৬৫ ।৮৬৮ (পাঁচশত পয়ষট্টির বাটা আটশত আটষট্টি) ও ৫৫৬ পাঁচশত ছাপান্ন নং দাগে এই

৮পাতা-

সংলগ্ন নকশায় লাল বর্ণের রেখা দ্বারা সীমাবদ্ধ ও লট 'বি' রূপে চিহ্নিত তাহার চিহ্নিত পরিমাপের কমবেশী ১(এক) কাঠা ৩(তিন) ছটাক ৫(পাঁচ) বর্গফুট বাস্তু জমি যাহা অলিখিত পুরাতন দ্বিতল বাড়ী সহ অন্য সব নকশায় প্রদর্শিত কমন প্যাসেজ ড্রেন, ইত্যাদি কমন রূপে ব্যবহারের সুবিধা সহ যাবতীয় সুখাধিকার সহ সম্পত্তি এতদ্দ্বারা দানকৃত সম্পত্তি হইল। যাহা উক্ত ব্যারাকপুর পৌর সভার ২২নং ওয়ার্ডের ৮৬ নং হোল্ডিং ভুক্ত সম্পত্তি হইতেছে। অত্র সহ নির্দিষ্ট নকশা অত্র দানপত্রের একাংশ বলিয়া গণ্য হইবে।

চৌহদ্দী :-
*******

উত্তরে :- দত্ত বাবুর বাড়ী,

দক্ষিণে :- কিয়দ অংশে লট 'এ' ভুক্ত সম্পত্তি ও কিয়দ অংশে লট 'বি' ভুক্ত সম্পত্তি।

পূর্বে :- বিশ্বনাথ ঘোষের বাড়ী

পশ্চিমে :- কিয়দ অংশে একটি কমন প্যাসেজ ও বাকী অংশে লট 'বি' ভুক্ত সম্পত্তি।

আমি অত্র দানপত্র গ্রহীতা আমার পিতৃদেব কর্তৃক উপরোক্ত দানকৃত সম্পত্তি সাদরে গ্রহণ করিলাম ও উহাতে খাস দখল নিলাম।

[signature]

মুসাবিদা কারক:-
***********

শম্ভু অধিকারী

(শ্রী শম্ভু অধিকারী)
এ্যাডভোকেট,
ব্যারাকপুর কোর্ট।
**********

টাইপ কারক :-

[signature]

(শ্রী চন্দন চক্রবর্তী)
ব্যারাকপুর কোর্ট।
********

সাক্ষী :-
*****

১) Dinanath Roy
S/o of Shew Bachan Roy
Monirampur
Barrackpore

২) Amit Kumar Neogi
S/o Late Bamapada Neogi
J.N. Banerjee Road.
Nona Ghat. Barrackpore
Dist. 24 Pgs (North)

1.2.93.

I/14
227 2236
569
1993

3.2.93

Scanned with CamScanner